কেসিসি উইমেন্স কলেজের নিম্নবর্ণিত ডিপার্টমেন্টসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণিতে ছাত্রী ভর্তি করা হবে ঃ

- ফুড এ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স ডিপার্টমেন্ট (০১৭১-১২৪৮৪২৯)
- চাইল্ড ডিভেলপমেন্ট এ্যান্ড সোস্যাল রিলেশনশিপ ডিপার্টমেন্ট (০১৭৪-৭৬১৫৫৫১)
- ফ্যাশন ডিজাইন ডিপার্টমেন্ট (০১৭১-২৮৬৩৭৯২)

১. আসন সংখ্যা ঃ

বিভাগের নাম	সাধারণ আসন	মুক্তিযোদ্ধা কোটা ✳	উপজাতি কোটা ✳	মোট আসন সংখ্যা
ফুড এ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স ডিপার্টমেন্ট	৬০	০১	০১	৬২
চাইল্ড ডিভেলপমেন্ট এ্যান্ড সোস্যাল রিলেশনশিপ ডিপার্টমেন্ট	৬০	০১	০১	৬২
ফ্যাশন ডিজাইন ডিপার্টমেন্ট	৬০	০১	০১	৬২
সর্বমোট	১৮০	০৩	০৩	১৮৬

✳ মুক্তিযোদ্ধা/উপজাতি কোটায় উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ আসনের মেধা তালিকা থেকে শূন্য আসন পূরণ করা হবে।

২. ভর্তির আবেদনসূচি:

২.১ ভর্তি ফরম বিতরণ শুরু ও ভর্তি ফরম জমা : ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখ থেকে ০১/০৬/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত (সকল কর্মদিবস অফিস চলাকালীন)

১.১ যোগ্যপ্রার্থীদের তালিকা প্রকাশ :

১.২ ভর্তি পরীক্ষার তারিখ ও সময় :

১.৩ ফলাফল প্রকাশ :

১.৪ মেধা তালিকা থেকে ভর্তি :

২.৭ শূন্য আসনে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি :

২.৮ ক্লাস শুরু :

২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ন্যূনতম যোগ্যতা :

২.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২.২ যে সকল ছাত্রী ২০২২ ও ২০২৩ সালে এইচএসসি/আলিম/সমমানের পরীক্ষায় পাস করেছে এবং ছাত্রীর এসএসসি/সমমানের ও এইচএসসি/সমমানের পরীক্ষায় কমপক্ষে সর্বমোট ৬.০ এবং যে কোনো একটি পরীক্ষায় ন্যূনতম ২.৭৫ জিপিএ অর্জন করেছে শুধু তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি শিক্ষাবোর্ড থেকে ডিপ্লোমা ডিগ্রিধারী ছাত্রীরাও আবেদন করতে পারবে।

২.৩ চাইল্ড ডিভেলপমেন্ট এ্যান্ড সোস্যাল রিলেশনশিপ ও ফ্যাশন ডিজাইন বিভাগের ভর্তির জন্য এইচএসসি/সমমান ও এসএসসি/সমমানের যেকোন বিভাগের (মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান) ছাত্রীরা আবেদন করতে পারবে কিন্তু ফুড এ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স ডিপার্টমেন্টে ভর্তির জন্য শুধুমাত্র এইচএসসি/সমমান ও এসএসসি/সমমানের জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগের ছাত্রীরা আবেদন করতে পারবে।

৪. ভর্তি পরীক্ষার নম্বর বন্টন : সকল বিভাগের আবেদনকারীকে বাংলা ও ইংরেজি প্রশ্নের উত্তর দিতে হবে।

পরীক্ষার বিষয়	নম্বর
বাংলা	৩০
ইংরেজি	৩০
জীববিজ্ঞান (ফুড এ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স) ডিপার্টমেন্টের জন্য	৪০
আইসিটি (চাইল্ড ডিভেলপমেন্ট ও ফ্যাশন ডিজাইন) ডিপার্টমেন্টের জন্য	৪০

বিঃ দ্রঃ একই প্রশ্নের ভিতর জীববিজ্ঞান ও আইসিটি থাকবে। বিজ্ঞান বিভাগের যে ছাত্রীরা ফুড এ্যান্ড নিউট্রিশনাল সায়েন্স ছাড়াও অন্য দুটি বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক তারা অতিরিক্ত ২৪ মিনিট সময় পাবে। পরীক্ষার্থীকে প্রতি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

৫. আবেদনের নিয়মাবলী :

৫.১ সকল কর্মদিবসে অফেরতযোগ্য ৬০০/-(ছয়শত টাকা) প্রদান করে খুলনা সিটি কর্পোরেশন উইমেন্স কলেজ-এর অফিস কক্ষ থেকে সরাসরি ভর্তি ফরম সংগ্রহ করা যাবে অথবা অধ্যক্ষ, খুলনা কলেজিয়েট গার্লস্ স্কুল, খুলনা এর অনুকূলে জনতা ব্যাংক, রূপসা শাখা বরাবর অফেরতযোগ্য ৬০০/-(ছয়শত টাকা) এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠানের www.kccwc.edu.bd থেকে ভর্তি ফরম ও নির্দেশাবলী ডাউনলোড করে পূরণকৃত ভর্তি ফরম পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ প্রতিষ্ঠানের অফিসকক্ষে জমা দিতে হবে অথবা অধ্যক্ষ, কেসিসি উইমেন্স কলেজ, খুলনা বরাবর ৩০/-(ত্রিশ) টাকার ডাকটিকিট সম্বলিত ২২৫ মি.মি.×১৮০ মি.মি. সাইজের ফেরতযোগ্য খামে ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে।

৫.২ প্রত্যেক প্রার্থীকে নিজ হাতে আবেদনপত্র পূরণ করে কেসিসি উইমেন্স কলেজ এর অফিসে সরাসরি জমা দিতে হবে অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরিত হবে না। সকল কর্মদিবসে প্রার্থী নিজে প্রবেশপত্র সংগ্রহ করবে।

৫.৩ মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটার ছাত্রীদের ক্ষেত্রেও বর্ণিত ন্যূনতম যোগ্যতা অর্জনকারী ছাত্রীদের মেধাক্রম অনুসারে ভর্তি করা হবে।

৫.৪ আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

- এসএসসি/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি
- এইচএসসি/ সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি
- পাসপোর্ট সাইজের সদ্যতোলা ২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি
- উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণস্বরূপ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাস করেছে তার প্রধান অথবা প্রথম শ্রেণির গেজেটেড অফিসার অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কাছ থেকে সংগৃহিত সনদপত্র
- মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত মুক্তিযুদ্ধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি

৬ স্বাস্থ্য পরীক্ষা :

কেসিসি উইমেন্স কলেজের মনোনীত চিকিৎসক কর্তৃক নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

৭ ভর্তির নিয়মাবলী :

৭.৩ মেধা তালিকায় অন্তর্ভুক্ত প্রার্থীদের নির্ধারিত ভর্তির তারিখ সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০টা পর্যন্ত ভর্তি করা হবে। নির্বাচিত কোনো প্রার্থী নির্ধারিত ভর্তির তারিখ এবং নির্দিষ্ট সময়ে ভর্তি হতে ব্যর্থ হলে তাকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

৭.৪ মেধা তালিকা থেকে আসন পুরণ না হলে অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে নির্ধারিত ভর্তির তারিখ অনুযায়ী সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত শূন্য আসনে ভর্তি করা হবে।

৭.৫ ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল সনদপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

৮ বিশেষ দ্রষ্টব্য :

৮.১ প্রবেশপত্র ছাড়া কোনো প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে না। ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করলে পরীক্ষার কমপক্ষে ১ (এক) দিন পূর্বে অফিস থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

৮.২ নির্দেশনা অনুযায়ী উত্তরপত্রে কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে সঠিকভাবে বৃত্ত ভরাট করতে হবে। উত্তরপত্রের নির্ধারিত স্থান ছাড়া অন্যত্র উত্তর প্রদান করলে তা সঠিক বলে বিবেচিত হবে না।

৮.৩ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্যপ্রার্থীর তালিকা, পরীক্ষার আসন বিন্যাস, নির্বাচিত প্রার্থীর তালিকা এবং ভর্তিসংক্রান্ত অন্যান্য তথ্যাবলী কেসিসি উইমেন্স কলেজ এর নোটিশ বোর্ডে এবং কেসিসি উইমেন্স কলেজের ওয়েব সাইট www.kccwc.edu.bd দেয়া হবে। প্রার্থীকে নিজ দায়িত্বে উক্ত তথ্য সংগ্রহ করতে হবে।

৮.৪ পরীক্ষা কক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর ও অন্যান্য ইলেক্ট্রনিক যোগাযোগ সরঞ্জাম সংগে আনা যাবে না।

৮.৫ ভর্তিসংক্রান্ত বিষয়ে যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ভর্তি কমিটি সংরক্ষণ করে।

(প্রফেসর মোঃ তৌহিদুজ্জামান)
অধ্যক্ষ
কেসিসি উইমেন্স কলেজ, খুলনা
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি-২০২৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

খুলনা সিটি কর্পোরেশন উইমেন্স কলেজ, খুলনা

(খুলনা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)
খুলনা সিটি কর্পোরেশন পরিচালিত
১৮০/২১, খানজাহান আলী রোড, খুলনা

স্নাতক(সম্মান) শ্রেণিতে ১ম বর্ষে ভর্তির নিয়মাবলী

শিক্ষাবর্ষ ঃ ২০২২-২০২৩

web: www.kccwc.edu.bd E-mail: kcgs.1996@gmail.com; Telephone: ০২৪৭৭৭২১৪২২
মোবাইল ফোন ঃ ০১৭১১২৪৮৪২৯, ০১৭৪৭৬১৫৫৫১, ০১৭১২৮৬৩৭৯২